ফকিরহাট টি,এইচ,সি; বাগেরহাট

থানা ও তদ্‌নিম্ন পর্যায়ে একীভূত স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবাদান কার্যক্রমের আওতাভূক্ত

# কমিউনিটি ক্লিনিকে সেবা প্রদানকারী কর্মীদের দায়িত্ব ও কর্তব্য (জব্‌-ডেসক্রিপশন)

১। কার্যালয় ঃ কমিউনিটি ক্লিনিক

২। পদের নাম ঃ স্বাস্থ্য সহকারী / পরিবার কল্যাণ সহকারী

৩। বেতন গ্রেড ঃ ১৬শ গ্রেড/ ১৭শ গ্রেড

৪। তত্ত্বাবধানকারী ঃ ইউনিয়ন মেডিক্যাল অফিসার / মেডিক্যাল অফিসার (এফ. ডব্লিউ)

ফকিরহাট টি,এইচ,সি, বাগেরহাট।

প্রশাসনিক/ ব্যবস্থাপনা

ক. ফিল্ড সার্ভিসেস ইউনিটের আওতায় ওয়ার্ড পর্যায়ে কমিউনিটি ক্লিনিক/ স্যাটেলাইট ক্লিনিকের পরিচালনার দায়িত্ব পালন;

খ. কমিউনিটি ক্লিনিক/ স্যাটেলাইট ক্লিনিকের কার্যাবলীর তালিকা প্রণয়ন;

গ. কমিউনিটি গ্রুপের সাথে আলোচনার মাধ্যমে ক্লিনিকগুলির কার্য-দিবস ও সময়সূচী নির্ধারণ করা;

ঘ. দক্ষতাসহকারে ও সফলভাবে 'অত্যাবশ্যক সেবা প্যাকেজ' (ESP) সরবরাহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

ঙ. ক্লিনিকে আগত সকল রোগী, বিশেষ করিয়া, অন্তঃসত্ত্বা মহিলাদের রেজিস্ট্রি করা;

চ. তথ্য ব্যবস্থাপনা পদ্ধতির (Management Information System - MIS) জন্য নির্ধারিত ফরম পূরণ এবং পরবর্তী কার্যক্রমের জন্য তাহা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে (UHFWC) প্রেরণ;

ছ. লজিস্টিক ব্যবস্থাপনাসহ অন্যান্য বিষয়ে রেকর্ড সংরক্ষণ;

জ. ঔষধ-পত্র ও আবশ্যক দ্রব্যাদির প্রয়োজনীয়তা নির্ণয়, সময়মত ফরমাশ পত্র প্রেরণ, সংগ্রহ এবং যথাযথ সংরক্ষণ;

ঝ. কমিউনিটি ক্লিনিকের বর্জ্য পদার্থ (বিশেষতঃ ডিসপোজেবল সিরিঞ্জ ধ্বংস) নিরাপদ অপসারণ;

সাধারণ সেবা ঃ

ঞ. আগত রোগীদের যথাযথ মানসম্পন্ন সেবা প্রদান;

ট. ডায়রিয়া, আয়োডিনের স্বল্পতা, ক্রিমি, শ্বাসযন্ত্রের তীব্র সংক্রমণ (ARI), হাম, যক্ষা (DOTS সহ), কুষ্ঠ (MDT পর্যানুসরণ) ইত্যাদি রোগের ক্ষেত্রে চিকিৎসা/ ঔষধ প্রদান;

মাতৃ ও শিশু সেবাঃ

ঠ. অন্তঃসত্ত্বা মহিলা, দুগ্ধবতী মা এবং শিশুদের (বিশেষ করে তীব্র পুষ্টিহীন এবং হামে আক্রান্ত) ভিটামিন 'এ' ক্যাপসূল প্রদান;

ড. রাত অন্ধত্ব রোগে আক্রান্ত শিশুদের খুঁজিয়া বাহির করা এবং তাহাদের চিকিৎসার ব্যবস্থা



ak-jd-7

ঢ. সময়মত শিশুদের প্রতিষেধক (হাম, হুপিংকফ, ধনুষ্টংকার, পোলিও ইত্যাদি) টিকাদান;

ণ. বিপদ-সংকেত দেখা দিলে সাহায্য প্রদানের লক্ষ্যে সমস্ত অন্তঃসত্ত্বা মহিলার সম্ভাব্য প্রসব-তারিখ সংরক্ষণ;

ত. মহিলাদের প্রসব-উত্তর এবং নব-জাতকদের সাধারণ সেবা প্রদান;

থ. মহিলা ও কিশোরীদের রক্তশূন্যতা শনাক্ত করা এবং প্রয়োজনীয় চিকিৎসা প্রদান;

দ. অস্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি সংক্রান্ত বিভিন্ন উপকরণ, যেমন, কনডম, পিল ইত্যাদির সার্বক্ষণিক সরবরাহ ও বিতরণ নিশ্চিত করণ;

ধ. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে (UHFWC) কর্মরত পরিবার কল্যাণ পরিদর্শিকা (FWV) নির্দিষ্ট সময় অন্তর কমিউনিটি ক্লিনিক/ স্যাটেলাইট ক্লিনিকে আসিয়া আগ্রহী মহিলাদের আইইউডি (IUD) / নরপ্লান্ট স্থাপন অথবা ইনজেকশন প্রদান কালীন সময়ে প্রয়োজনীয় সকল সহায়তা প্রদান;

<u>বাড়ী কেন্দ্রিক (Domicilliary) সেবাঃ</u>

ন. বৎসরে একবার গোদ-প্রধান এলাকায় প্রয়োজনীয় ঔষধ বিতরণ এবং Intestinal Parasite এর চিকিৎসা প্রদান;

প. তীব্র পক্ষাঘাত, হাম, নব-জাতকের ধনুষ্টংকার এবং অন্যান্য মহামারী রোগসহ ইপিআই রোগের সম্পর্কে সতর্ক দৃষ্টি রাখা এবং সকলকে অবহিত করা;

ফ. অস্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারী এবং যক্ষা (~~DOTS সহ~~), কুষ্ঠ (~~MDT-পর্যানুসরণ~~) ইত্যাদি রোগের চিকিৎসাধীন রোগীদের মধ্যে যাহারা পিল/কনডম কিংবা ঔষধ সেবনের জন্য ক্লিনিকে আসিতেছেন না তাঁহাদেরকে খুঁজিয়া বাহির করিয়া পুনরায় চিকিৎসা ব্যবস্থায় ফিরাইয়া আনা;

ব. অন্তঃসত্ত্বা মহিলারা যাহাতে প্রসব-পূর্ব সেবার (প্রতিষেধক টিকা গ্রহণসহ) জন্য ক্লিনিকে আসে, তাহার জন্য ব্যক্তিগত পর্যায়ে যোগাযোগ;

ভ. বাড়ীতে পরিস্কার-পরিচ্ছন্ন প্রসব পরিচালনা;

ম. অপারগ ও অনিচ্ছুক ব্যক্তিদের বাড়ীতে গিয়া এবং নির্দিষ্ট সময় অন্তর দূরবর্তী এলাকায় বসবাসরত জনগোষ্ঠীকে সেবা প্রদান;

য. বিশেষ বিশেষ সংক্রামক রোগের প্রার্দুভাব সম্পর্কে সতর্কতা অবলম্বন এবং প্রাদুর্ভাব দেখা দিলে প্রতিরোধমূলক কাজে অংশগ্রহণ;

<u>রেফার‌্যাল ঃ</u>

র. স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা গ্রহণকারীদের মধ্যে জটিল রোগীদেরকে প্রয়োজনীয়

ফকিরহাট টি,এইচ,সি; বাগেরহাট

প্রাথমিক সেবা প্রদানপূর্বক দ্রুত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রেরণ করা;

ল. তীব্র পুষ্টিহীন শিশু এবং আয়োডিন স্বল্পতা বিশিষ্ট রোগী চিহ্নিতকরণ এবং রেফার করা;

শ. ডায়রিয়া, এ. আর. আই., ম্যালেরিয়া, যক্ষ্মা, কুষ্ঠ, হাম, কালা-জ্বরসহ অন্যান্য সংক্রামক রোগ প্রতিরোধ এবং উহাদের সীমিত চিকিৎসার ব্যবস্থা ও প্রয়োজনবোধে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে রেফার করা;

ষ. ব্যথা, সর্প দংশন, জলে ডোবা, বিষক্রিয়া, জ্বর, সাধারণ জখমের (কাটা-পোড়া) প্রাথমিক চিকিৎসা প্রদান করিয়া উচ্চতর পর্যায়ে রেফার করা;

স. বিপদ-সংকেতযুক্ত অন্তঃসত্ত্বা মহিলাদের অবিলম্বে উচ্চতর পর্যায়ে রেফার করা;

হ. এম আর সেবা গ্রহণে ইচ্ছুক এবং গর্ভপাত পরবর্তী জটিলতা সম্পন্ন মহিলাদের উচ্চতর পর্যায়ে রেফার করা;

<u>বিসিসি ঃ</u>

ক্ষ. ও. আর. এস. -এর সাহায্যে ডায়রিয়ার চিকিৎসা, বাড়ীতে ডায়রিয়ার চিকিৎসা সম্বন্ধে ও খাওয়ার স্যালাইন প্রস্তুতের ও ব্যবহার পদ্ধতি সম্বন্ধে শিক্ষা দান;

ড়. প্রবীণ জনগোষ্ঠীকে সুস্থ জীবন-যাপনে পরামর্শ (Counselling) ও সহায়তা প্রদান;

ঢ়. ক্লিনিকে আগত সেবা গ্রহণকারীদের জন্য স্বাস্থ্য-সম্মত জীবন যাপন, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও স্যানিটেশন, সুষম খাদ্যাভ্যাস, টিকার সাহায্যে রোগ প্রতিরোধ, ক্রিমি প্রতিরোধ, বুকের দুধের সুফল, ডায়রিয়া প্রতিরোধ, পুষ্টি সম্পর্কে ব্যাপক সচেতনতা সৃষ্টি, পরিবার পরিকল্পনার প্রয়োজনীয়তা ও উহার বিভিন্ন পদ্ধতি সম্পর্কিত আচার-আচরণ ও দৃষ্টিভংগির পরিবর্তন (BCC) বিষয়ে গ্রুপ ভিত্তিক পরামর্শ (Counselling) দানের ব্যবস্থা;

য়. আগত রোগীদের প্রজনন পথের সংক্রমণ (RTI), যৌনরোগ (STD), এইচআইভি/ এইডস সম্পর্কে উপদেশ (Counselling) দান;

কক. প্রসবের অব্যবহিত পরে ৪-৬ মাস বয়স পর্যন্ত কোলেস্ট্রেলসহ কেবল মার্তৃ-দুগ্ধ খাওয়ানো সম্পর্কে পরামর্শ দেওয়া;

কখ. পুষ্টিহীনতা প্রতিরোধের জন্য স্বাস্থ্যবিধি এবং খাদ্যাভ্যাস সম্পর্কে পরামর্শ দান;

কগ. যৌনতা, নিরাপদ যৌন সম্পর্ক এবং বালিকা/ মহিলাদের বিশেষ বিশেষ পুষ্টি ও স্বাস্থ্য সম্মত খাবার সম্পর্কে সচেতনতা সৃষ্টি;